

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪১

আগরতলা, ১৮ এপ্রিল, ২০২৪

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্র ও ৭ রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচন  
ভোটারদের উৎসবের মেজাজে ভোট দিতে মুখ্য নির্বাচন আধিকারিকের আহ্বান

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্র ও ৭ রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনে ভোটারগণকে উৎসবের মেজাজে ভোট দিতে আহ্বান জানিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল। আজ উমাকান্ত একাডেমি প্রাঙ্গণে ভোট কর্মীদের মধ্যে ভোটগ্রহণ সামগ্রী বিতরণ প্রক্রিয়া পরিদর্শনকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি ভোটারদের প্রতি এই আহ্বান জানান। ভোট কর্মীদের মধ্যে ভোটগ্রহণ সামগ্রী বিতরণ প্রক্রিয়া পরিদর্শনের সময় মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে ছিলেন ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, সদর মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস সহ অন্যান্য আধিকারিকগণ। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্য নির্বাচন আধিকারিক জানান, সুষ্ঠু, অবাধ ও ভয়মুক্ত পরিবেশে ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন সম্পূর্ণ প্রস্তুত। তিনি বলেন, নির্বাচন কমিশনের লক্ষ্য হচ্ছে সম্পূর্ণ ভয় মুক্ত পরিবেশে ভোটগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করা এবং ভোট প্রদানের হার বৃদ্ধি করা। তিনি আরও বলেন, বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারগণ যাতে স্বাচ্ছন্দে অপেক্ষা করতে পারেন তার জন্য শেড তৈরী করা হয়েছে ও পানীয় জলের ব্যবস্থা রাখা হয়েছে। প্রবীণ নাগরিক এবং অসুস্থ ব্যক্তির যাতে সহজে ভোট প্রদান করতে পারেন তারও ব্যবস্থা রাখা হয়েছে। ভোট গ্রহণ প্রক্রিয়াকে সম্পূর্ণ স্বচ্ছ করার লক্ষ্যে প্রতিটি ভোট গ্রহণ কেন্দ্রে ওয়েবকাস্টিং করা হবে। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের নির্বাচন এবং ৭ রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনে ভোটগ্রহণের জন্য ভোটগ্রহণ কর্মীগণ ইতিমধ্যেই সংশ্লিষ্ট ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পৌঁছে গেছেন।

\*\*\*\*\*